রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ১১, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
প্রবিধি-৩ শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ২৬ কার্তিক ১৪৩৩/ ১১ নভেম্বর ২০২৬

নং **০৭.০০.০০০০.১৭৩.০৫৮.০১৪.১৪ (অংশ-২)-১৩১**—সরকার চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬ অনুযায়ী ধাপভিত্তিক বেতনস্কেল কার্যকর হওয়ার সময়কাল অর্থাৎ ১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত শ্রান্তি ও বিনোদন ভাতা প্রাপ্যতার বিষয়ে নিম্নরূপ নির্দেশনা জারি করিল:

(১) অর্থ বিভাগের ২০ মার্চ ১৯৮৯ তারিখের অম(অবি)/প্রবি-২/ছুটি-৬৮/৮৬-২৮ নং স্মারক অনুযায়ী কোনো সরকারি কর্মচারী যেই মাসে শ্রান্তি ও বিনোদন ছুটিতে যাইবেন, সেই মাসে তিনি যেই পরিমাণ মূল বেতন আহরণ করিবেন, উহার সমপরিমাণ অর্থ তিনি শ্রান্তি ও বিনোদন ভাতা হিসেবে প্রাপ্য হইবেন। উক্ত নির্দেশনার আলোকে ১ জুলাই ২০২৬ তারিখ হইতে ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত সময়কালে শ্রান্তি ও বিনোদন ছুটিতে গমনকারী কর্মচারীগণ যেই মাসে শ্রান্তি ও বিনোদন ছুটিতে যাইবেন সেই মাসে চাকরি (বেতন ও ভাতাদি) আদেশ, ২০২৬ অনুযায়ী ধাপভিত্তিক বেতন বাস্তবায়নজনিত কারণে যেই পরিমাণ মূল বেতন আহরণ (pay fixation এর ফলে নির্ধারিত বেতন নহে) করিবেন, উহার সমপরিমাণ অর্থ তিনি শ্রান্তি ও বিনোদন ভাতা হিসেবে প্রাপ্য হইবেন। তবে, এই ভাতা একবার উত্তোলন করা হইলে পরবর্তীকালে বেতন নির্ধারণজনিত কারণে (pay fixation) সংশ্লিষ্ট কর্মচারী কোনও বকেয়া প্রাপ্য হইবেন না।

(২) এই নির্দেশনা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ড. মোঃ ফেরদৌস আলম
যুগ্মসচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd
(২৬৯৫৭)
মূল্য : টাকা ৪.০০